

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd



স্মারক নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০২৭.৪০.০০০১.২৫.১০২২

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩
১৩ অক্টোবর ২০২৬

বিষয়: পবিত্র হজ ও ওমরাহ-২০২৭ পালন উপলক্ষে নামীয় তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় ২০২৭ সালেও অত্র বাহিনীর কর্মকর্তা/কর্মচারী ও স্বেচ্ছাসেবী সদস্য-সদস্যাদের পবিত্র হজ ও ওমরাহ পালনের লক্ষ্যে সৌদি আরব প্রেরণের সিদ্ধান্ত রয়েছে। সে প্রেক্ষিতে সৎ, ধার্মিক, কর্তব্যপরায়ণ ও উল্লেখযোগ্য কার্যক্রম রয়েছে এমন সদস্যদের সংশ্লিষ্ট ইউনিট ও রেঞ্জ কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে নিম্ন “ছকে” বর্ণিত কোটা অনুযায়ী বাছাই কার্যক্রম সম্পন্ন করে প্রস্তাবিত সদস্যদের সুপারিশসহ সংযুক্ত ‘ফ্রোডপত্র-ক’ মোতাবেক নামীয় তালিকা আগামী ০৫/১২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সফট কপি ইমেইল: ddwelfare@ansarvdp.gov.bd (NikoshBAN ফটে) এবং হার্ড কপি ওয়েলফেয়ার শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	ইউনিট	বাছাইয়ের প্রাধিকার (সংখ্যা)	মন্তব্য
১.	একাডেমি	০৭	একাডেমিতে কর্মরত সিনিয়র স্টাফ, ৩ টি আনসার ব্যাটালিয়নের সদস্য ও হাসপাতালে কর্মরতদের মধ্য হতে সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য কার্যক্রমে অংশগ্রহণ করেছে ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে এমন সদস্য নির্বাচন করতে হবে।
২.	চট্টগ্রাম রেঞ্জ	১৫	সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য কার্যক্রমে অংশগ্রহণ করেছে ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে নিজ নিজ রেঞ্জ হতে এমন সদস্য নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে আনসার ব্যাটালিয়ন, অঙ্গীভূত আনসার, ভিডিপি/টিডিপি, উপজেলা/ইউনিয়ন আনসার কোম্পানি/প্লাটুনভুক্ত প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।
৩.	ঢাকা রেঞ্জ	১৫	
৪.	অন্যান্য রেঞ্জ সর্বোচ্চ ১০ জন করে (১০×০৭)	৭০	
৫.	ডিএমএ	০৫	সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য কার্যক্রমে অংশগ্রহণ করেছে ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে এমন অঙ্গীভূত আনসার সদস্য ডিএমএ হতে নির্বাচন করতে হবে।
৬.	কেপিআই শাখা	২০	সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য কার্যক্রমে অংশগ্রহণ করেছে ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে এমন অঙ্গীভূত আনসার সদস্য সমগ্র বাহিনী হতে নির্বাচন করতে হবে।
৭.	ভিডিপি শাখা	২০	সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য কার্যক্রমে অংশগ্রহণ করেছে ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে এমন ভিডিপি/টিডিপি সদস্য সমগ্র বাহিনী হতে নির্বাচন করতে হবে।
৮.	প্রশিক্ষণ শাখা	০৫	সাম্প্রতিক সময়ে প্রশিক্ষণে ভালো ফলাফল অর্জনকারী ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে এমন কর্মকর্তা/ কর্মচারী/ সদস্য/ সদস্য সমগ্র বাহিনী হতে নির্বাচন করতে হবে।
৯.	অপারেশন শাখা	০৫	সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য কার্যক্রমে অংশগ্রহণকারী ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে এমন উপজেলা/ ইউনিয়ন আনসার কোম্পানি/ প্লাটুনভুক্ত সদস্য সমগ্র বাহিনী হতে নির্বাচন করতে হবে।
১০.	স্পোর্টস ও কালচারাল শাখা	০৩	সাম্প্রতিক সময়ে খেলাধুলায় সাফল্য অর্জন করেছে ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে এমন সদস্য সমগ্র বাহিনী হতে নির্বাচন করতে হবে।

১১.	প্রশাসন শাখা	০৫	সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য কার্যক্রমে অংশগ্রহণ করেছে ও বাহিনীর উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা রেখেছে এমন সিভিল স্টাফ সমগ্র বাহিনী হতে (১০ম হতে ২০তম গ্রেড) নির্বাচন করতে হবে।
	সর্বমোট=	১৭০ জন	

২। সকল পর্যায়ের প্রাথমিক বাছাই কার্যক্রম একটি কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং রেঞ্জ ও একাডেমি কর্তৃক বাছাই কার্যক্রম সম্পন্ন করে সদর দপ্তর ওয়েলফেয়ার শাখায় প্রেরণ করতে হবে।

৩। সদর দপ্তর চূড়ান্ত সুপারিশ পর্বদঃ

ক। অতিরিক্ত মহাপরিচালক	-	সভাপতি
খ। উপমহাপরিচালক (প্রশাসন, অপারেশনস ও প্রশিক্ষণ)	-	সদস্য
গ। পরিচালক (প্রশাসন, ওয়েলফেয়ার, অঙ্গীভূতকরণ, ভিডিপি-প্রশিক্ষণ, মনিটরিং)	-	সদস্য
ঘ। উপপরিচালক (ওয়েলফেয়ার)	-	সদস্য-সচিব

৪। চূড়ান্ত সুপারিশ পর্বদের কার্যপরিধিঃ

- ক। সদর দপ্তর যাচাই-বাছাই কমিটি হতে নির্ধারিত 'ছকে' প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করে সুপারিশসহ মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করবেন;
- খ। সদস্য-সচিব পবিত্র হজ ও ওমরাহ পালনের যাবতীয় কেনাকাটা, প্রশাসনিক কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম সভাপতির নির্দেশনা মোতাবেক সম্পন্ন করবেন।
- গ। পবিত্র হজ ও ওমরাহ পালন শেষে সকল প্রকার তথ্যাদি সদস্য-সচিব সঠিকভাবে সংরক্ষণ করবেন।

৫। সদর দপ্তর যাচাই-বাছাই কমিটিঃ

ক। পরিচালক (ওয়েলফেয়ার)	-	সভাপতি
খ। উপপরিচালক (কেপিআই)	-	সদস্য
গ। সহকারী পরিচালক (আনসার-প্রশিক্ষণ/ভিডিপি-প্রশিক্ষণ/রেকর্ড/ব্যাটালিয়ন শৃঙ্খলা/মনিটরিং)	-	সদস্য
ঘ। উপপরিচালক (ওয়েলফেয়ার)	-	সদস্য-সচিব

(সভাপতিসহ ০৫ জন সদস্যের উপস্থিতিতে কোরাম পূরণ হবে)

৬। সদর দপ্তর যাচাই-বাছাই কমিটির কার্যপরিধিঃ

- ক। রেঞ্জ কর্তৃক সুপারিশকৃত নির্ধারিত আবেদন ও তালিকা যাচাই-বাছাই করে পবিত্র হজ/ওমরাহ পালনের জন্য যোগ্য সদস্য-সদস্যার অগ্রাধিকারের ক্রমানুসারে তালিকা প্রস্তুত করবেন।
- খ। সদর দপ্তর কর্তৃক চাহিত নির্ধারিত কাগজপত্রের সঠিকতা যাচাই-বাছাই করে যোগ্য সদস্য-সদস্যার তালিকা প্রস্তুত করে চূড়ান্ত সুপারিশ পর্বদের নিকট উপস্থাপন করবেন।

৭। রেঞ্জের যাচাই-বাছাই কমিটিঃ

ক। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত)	-	সভাপতি
খ। পরিচালক (রেঞ্জ কমান্ডার কর্তৃক মনোনীত ১ জন)	-	সদস্য
গ। জেলা কমান্ড্যান্ট (রেঞ্জ কমান্ডার কর্তৃক মনোনীত ১ জন)	-	সদস্য
ঘ। সহকারী পরিচালক (সংশ্লিষ্ট রেঞ্জ)	-	সদস্য-সচিব

৮। একাডেমি যাচাই-বাছাই কমিটিঃ

ক। কমান্ড্যান্ট	-	সভাপতি
খ। পরিচালক (সদর)	-	সদস্য
গ। একাডেমিস্থ ব্যাটালিয়ন পরিচালক (কমান্ড্যান্ট কর্তৃক মনোনীত ১ জন)	-	সদস্য
ঘ। পরিচালক (প্রশাসন)	-	সদস্য-সচিব

৯। বাছাইয়ের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহঃ

(ক) সৎ, ন্যায়পরায়ণ, কর্তব্যনিষ্ঠ, দায়িত্বশীল ও সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য কার্যক্রম রয়েছে, এমন সদস্য বাছাই করতে হবে।

(খ) কর্তব্যপরায়ণের ক্ষেত্রে :

১. কর্মনিষ্ঠার জন্য যার সুনাম রয়েছে;
২. যে কোনো দায়িত্ব পালন করতে সর্বদা প্রস্তুত থাকে;
৩. পার্বত্য বা দুর্গম এলাকার ক্যাম্পে দীর্ঘদিন মোতায়েনের রেকর্ড থাকলে তার সুস্পষ্ট বিবরণ;
৪. বহিঃপ্রশিক্ষণ প্রতিষ্ঠানে কৃতিত্বের সাথে কোর্স সম্পন্নকারী (যেমন: সেনা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে B+, Y+ প্রাপ্ত) থাকলে তার সুস্পষ্ট বিবরণ;
৫. শ্রেষ্ঠ ফায়ারার হলে তার সুস্পষ্ট বিবরণ;
৬. আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে খেলাধুলায় পদকপ্রাপ্ত হলে তার সুস্পষ্ট বিবরণ;
৭. ইউনিয়ন লিডার/আনসার কোম্পানি কমান্ডার সহ ভাতাভোগী সদস্য কর্তৃক সেবার ক্ষেত্রে দৃষ্টান্ত স্থাপনকারী কার্যক্রম থাকলে তার সুস্পষ্ট বিবরণ;
৮. সাম্প্রতিক সময়ে জাতীয় পর্যায়ে কোনো কার্যক্রমে বিশেষ ভূমিকা থাকলে তার সুস্পষ্ট বিবরণ;
৯. সামাজিক নিরাপত্তায় তৃণমূল পর্যায়ে বিভিন্ন কার্যক্রমে বিশেষ ভূমিকা থাকলে তার সুস্পষ্ট বিবরণ;
১০. ভিডিপি স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে অনুপ্রেরণার উৎস এমন কার্যক্রম থাকলে তার সুস্পষ্ট বিবরণ;
১১. বয়স অনুযায়ী শারীরিকভাবে সক্ষম।

১০। পবিত্র হজ ও ওমরাহ পালনের জন্য নামীয় তালিকা প্রেরণের ছক

ক্র. নং	ব্যক্তিগত নম্বর/রেজিঃ নং/আইডি নাম ও পদবি	গ্রাম, ডাকঘর, উপজেলা ও জেলা	জন্ম তারিখ, পিআরএল এ গমনের তারিখ ও বয়স	মূল কর্মস্থল ও বর্তমান কর্মস্থলের নাম	মোবাইল নম্বর ও পাসপোর্ট নম্বর (যদি থাকে)	কর্মকাল ও সাম্প্রতিককালে উল্লেখযোগ্য কার্যক্রম (১০০ শব্দে)	পার্বত্য চট্টগ্রামে মোট চাকুরীকাল	নাম প্রস্তাবের স্বপক্ষে যৌক্তিকতা	মন্তব্য

১১। নির্ধারিত সময় (০৫/১২/২০২৬) অতিক্রান্ত হওয়ার পর প্রাপ্ত প্রস্তাবনার উপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।

১২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।



১৩-১০-২০২৬

এনামুল হোসেন, বিডিএমএস (বার)

পরিচালক (ওয়েলফেয়ার)

ফোন : ০২-৪৭২১৪৮০৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
- ২। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী.....রেঞ্জ ..
- ৩। পরিচালক, ঢাকা মহানগর আনসার, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ৪। শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।

স্মারক নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০২৭.৪০.০০০১.২৫.১০২২/১ (৯)

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩
১৩ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
- ২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
- ৩। পরিচালক/অধিনায়ক, ...আনসার ব্যাটালিয়ন (.....বিএন).....।
- ৪। পরিচালক (মিডিয়া), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী(কন্টেন্ট আকারে প্রচারের সদয় অনুরোধ করা হলো)।
- ✓ ৫। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (বাহিনীর Website-এ প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।
- ৬। উপপরিচালক (সমন্বয়), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। উপপরিচালক, মনিটরিং শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী(সোশ্যাল মিডিয়ায় প্রচারের জন্য সদয় অনুরোধ করা হলো)।
- ৮। জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী.....।
- ৯। জোন অধিনায়ক, ...মহানগর আনসার, পূর্ব/পশ্চিম/উত্তর/দক্ষিণ জোন।



১৩-১০-২০২৬
এনামুল হাউন, বিডিএমএস (বার)
পরিচালক (ওয়েলফেয়ার)